



বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা- ১০০০

ওয়েবসাইটঃ www.pcb.gov.bd, ই-মেইলঃ info@pcb.gov.bd

মডেল ফার্মেসী প্রশিক্ষণ কর্মসূচী

বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ঊষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত/চলমান মডেল ফার্মেসীসমূহে 'এ' গ্রেড রেজিস্টার্ড ফার্মাসিস্ট হিসেবে কাজ করতে আগ্রহী ফার্মাসিস্টদের সপ্তাহব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। এই মডেল ফার্মেসী প্রশিক্ষণ কর্মসূচী সফলভাবে সম্পন্নকারী 'এ' গ্রেড ফার্মাসিস্টগণ মডেল ফার্মেসীতে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। এমতাবস্থায় বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক পরিচালিত উক্ত প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে ইচ্ছুক 'এ' গ্রেড রেজিস্টার্ড ফার্মাসিস্টদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। উক্ত সপ্তাহব্যাপী প্রশিক্ষণ (অনাবাসিক) বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলে অনুষ্ঠিত হবে।

আবেদন ফরম বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ওয়েব সাইট (www.pcb.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। আগ্রহী 'এ' গ্রেড রেজিস্ট্রেশনধারী ফার্মাসিস্টদেরকে আগামী ০২ জুন ২০১৯ তারিখের মধ্যে সচিব বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আবেদনের নিয়মাবলী :-

১. নির্ধারিত আবেদন ফরম (ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে)।
২. সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও 'এ' গ্রেড রেজিস্ট্রেশন সনদ/রেজিস্ট্রেশন রশিদ এর অনুলিপি জমা দিতে হবে।
৩. ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।
৪. আবেদন পত্রের সাথে প্রশিক্ষণ ফি বাবদ ৩,০০০/- (তিন হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের অনুকূলে জমা দিতে হবে।

মুহাম্মদ মাহবুবুল হক
সচিব
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল